তারিখ 27 JUN 2016
পৃষ্ঠা ২৩ কলাম ৪

দৈনিক ইত্তেফাক

# প্রধানমন্ত্রীর নিকট থেকে বাস পেল সরকারি কলেজ

■ নেত্রকোনা প্রতিনিধি

নেত্রকোনা সরকারি কলেজের শিক্ষার্থীদের যাতায়াতের সুবিধার্থে প্রধানমন্ত্রী শেখ হাসিনা কলেজটিকে একটি আধুনিক বাস উপহার দিয়েছেন। গত শনিবার গণভবনে প্রধানমন্ত্রী এক অনুষ্ঠানে নেত্রকোনা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর মোঃ আবুল কালাম আজাদের নিকট 'বিজয়' নামের বাসের চাবি হস্তান্তর করেন।

ইফাদ গ্রুপের চেয়ারম্যান ইফতেখার আহমেদ টিপু শনিবার দুপুরে তার গ্রুপের পক্ষ থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ১০টি বিলাস বহুল বাস উপহার দেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা শনিবার দুপুরে নেত্রকোনা সরকারি কলেজসহ আরো ১০টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের হাতে সে সব বাসের চাবি আনুষ্ঠানিক ভাবে হস্তান্তর করেন। এ সময় উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, সেনাবাহিনী প্রধান জেনারেল আবু বেলাল মোঃ শফিউল হক, ইফাদ গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) তানজির আহমেদ, ইফাদ অটোজ লিমিটেডের এমডি তাসকিন আহমেদ ও পরিচালক তাফসিল আহমেদ। (১১)